**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**
**Date: 13-10-2025**
**Time : 1-40 PM**

---

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের ডাক্তারি পড়ুয়ার গণধর্ষণ কান্ডে পুলিশ আজ আরও **দু'জনকে গ্রেপ্তার** করেছে। **এই নিয়ে ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো- পাঁচ ।**

আজ কিছুক্ষণ আগে স্থানীয় বাসিন্দা **শেখ সফিকুলকে পুলিশ গ্রেপ্তার করে। এর আগে আজই ধরা হয়** সাদ্দাম ওরফে শেখ নাসিরুদ্দিনকে। পুরসভার অস্থায়ী কর্মী সাদ্দাম বিজরা গ্রামের বাসিন্দা বলে জানা গেছে। উভয়কেই আজ দুর্গাপুর আদালতে তোলা হবে।

গতকালই ধৃত অপু বাউড়ি, ফিরদৌস শেখ এবং শেখ রেজাউদ্দিনের দশদিনের পুলিশ হেফাজত হয়েছে।

এদিকে, ঘটনায় আজ'ও উত্তাল দুর্গাপুর। সিটি সেন্টারে শুক্রবারের এই ঘটনার প্রতিবাদে এবং ন্যায় বিচারের দাবীতে বিজেপির ধর্না কর্মসূচীতে পুলিশের বাধা দেওয়ার অভিযোগ উঠেছে। সকালে মঞ্চ বাঁধার সময় বিজেপি নেতৃত্বের সঙ্গে পুলিশের বচসা বাধে। ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। লক্ষণ ঘড়ুই-এর অভিযোগ, পুলিশ ধর্ষক, অপরাধীদের গ্রেপ্তার করতে পারেনা, শুধুমাত্র বিজেপির কর্মসূচীতে বাধা দেয়। আদালতের অনুমতি ছাড়া সাম্প্রতিককালে কোন দলীয় কর্মসূচী করা যায়নি।

এদিকে, ইতমধ্যেই বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ধর্নাস্থলে পৌঁছেছেন। বিরোধী দলনেতা, রাতে মেয়েদের বাইরে না বেরোনোর মুখ্যমন্ত্রীর পরামর্শ-কে তীব্র কটাক্ষ করেন।

( বাইট- শুভেন্দু )

SUCI-এর পক্ষ থেকে'ও আজ দুর্গাপুরে বিক্ষোভ মিছিল বের করা হয়।

অন্যদিকে দুর্গাপুরের ঘটনার প্রতিবাদে আজ বিকেলে বিজেপির মহিলা মোর্চার নেতৃত্বে হাওড়া শ্যামপুর ও পেরো থানা ঘেরাও করা হবে বলে খবর।

**************************

প্রাকৃতিক দুর্যোগ ও ভূমিধসে বিধ্বস্ত উত্তরবঙ্গের ত্রাণ ও পুনর্গঠনের কাজ সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী আজ নাগরাকাটায় পৌঁছেছেন। আগামী শুক্রবার পর্যন্ত বিভিন্ন জেলা পরিদর্শন করবেন তিনি। গতকাল তিনি আলিপুরদুয়ারে গিয়ে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করে প্রয়োজনীয় নির্দেশ দেন। আজ তিনি জলপাইগুড়ির নাগরা কাটাসহ একাধিক এলাকা পরিদর্শনে যাবেন বলে জানা গিয়েছে। আগামীকাল ও বুধবার মুখ্যমন্ত্রী বিধ্বস্ত মিরিক ও দার্জিলিং সফর করবেন।

***************************

উত্তরবঙ্গের বন্যাদুর্গতদের জন্য ত্রাণ সংগ্রহ করতে গিয়ে গতসন্ধ্যায় দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের বাজার এলাকায় সিপিএম নেতা-কর্মীরা আক্রান্ত হন ।আহত হন অন্তত ১০ জন সিপিএম কর্মী-সমর্থক।ঘটনায় গুরুতর জখম হন সিপিএম নেতা পলাশ গঙ্গোপাধ্যায়।আশঙ্কাজনক অবস্থায় তাঁকে সোনারপুর লিভার ফাউন্ডেশনে ভর্তি করা হয়েছে। ত্রাণ সংগ্রহের সময় তৃণমূল নেতা খাইরুল ইসলামের অনুগামীরা হামলা চালায় বলে অভিযোগ। সিপিএমের অভিযোগ, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই হামলা চালানো হয়েছে। তবে তৃণমূল কংগ্রেস এই অভিযোগ অস্বীকার করেছে এবং দাবি করেছে, ঘটনার সঙ্গে তাদের কোনো যোগ নেই। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

***************************

বর্ধমান স্টেশনে গত সন্ধ্যায় পদপিষ্টের ঘটনার পর হাওড়ার ডি আর এম বিশাল কাপুর গতকাল রাতেই বর্ধমানে আসেন। হাসপাতালে গিয়ে আহতদের সংগে দেখা করেন তিনি।পরে সাংবাদিকদের জানান, প্ল্যাটফর্মের সিড়ি দিয়ে ওঠা নামার সময় এক মহিলা পড়ে যান। তাঁকে বাঁচানোর জন্য কয়েকজন উপরে উঠেছিলেন। সেই সময়েই দুর্ঘটনা ঘটে। ঘটনায় ৮ জন আহত হয়েছেন। তিন জনের আঘাত গুরুতর। আহতদের মধ্যে পাঁচজন মহিলা আছেন। এই ধরনের ঘটনা কেন ঘটল তা খতিয়ে দেখা হবে।

***************************

রাজ্যের সমবায় ব্যাঙ্কগুলিতে ক্রমবর্ধমান দুর্নীতি ও জালিয়াতির ঘটনা রুখতে রাজ্য সরকার ওইসব ব্যাংকের নিরাপত্তা ব্যবস্থাকে জোরদার করা সিদ্ধান্ত নিয়েছে। এজন্য ব্যাংকের তরফ একটি সমগ্র সাইবার সুরক্ষা সংস্কার কর্মসূচি শুরু করা হয়েছে। এর আওতায় পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক লিমিটেড বিশেষজ্ঞ সংস্থাকে ও নিয়োগ করবে। আগামী পাঁচ বছরের জন্য নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা ও ঢেলে সাজানোর জন্য আগ্রহী

সংস্থা নিয়োগের দরপত্র আহ্বান করেছে। পদক্ষেপের মাধ্যমে গ্রাহকের তথ্য আরও সুরক্ষিত রাখা ও ডিজিটাল লেনদেনে আস্থা বাড়ানো যাবে বলে সমবায় ব্যাংক কর্তৃপক্ষ মনে করেন।

**************************

কালীপুজো ও দীপাবলিকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা এবং শব্দদূষণ নিয়ন্ত্রণে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই উদ্দেশ্যে আগামী বুধবার আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে শহরের সব কালীপুজো উদ্‌যাপন কমিটির প্রতিনিধিদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বসবেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ বর্মা। উৎসবের দিনগুলিতে শহরে শব্দবাজি রুখতে কঠোর পদক্ষেপ, কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে মাইক বাজানোর সময়সীমা নিয়ন্ত্রণ, দূষণ রোধ এবং প্রতিমা বিসর্জন সংক্রান্ত নিয়মাবলি প্রসঙ্গে পুজো কমিটিগুলিকে অবগত করা ওই বৈঠকের উদ্দেশ্য বলে জানানো হয়েছে। কলকাতা হাইকোর্ট ইতিমধ্যেই দীপাবলির রাতে শব্দদূষণ রোধে ৯০ ডেসিবেল সীমা বেঁধে দিয়েছে। সেই নির্দেশের বাস্তবায়ন নিয়েই আলোচনা হবে বৈঠকে।

**************************

গোটা রাজ্য থেকে বর্ষা বিদায় নেবার প্রেক্ষিতে আগামী সাতদিন কলকাতা ও সংলগ্ন অঞ্চলের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আবহবিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, উপকূলের জেলাগুলিতে দু এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। উত্তরের দার্জিলিং জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার ও কালিম্পং এ আগামী দুদিন হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**************************

মরশুমের শেষে কলকাতা ও সন্নিহিত এলাকায় ডেঙ্গুর প্রকোপ বাড়তে শুরু করায় নতুন করে আশঙ্কা তৈরি হয়েছে। স্বাস্থ্য ভবন সূত্রে জানা গিয়েছে, সংক্রমণের দিক থেকে মুর্শিদাবাদ এগিয়ে থাকলেও, কলকাতা মহানগর ও তার আশেপাশের এলাকায় আক্রান্তের হার ক্রমশ বাড়ছে। স্বাস্থ্য দপ্তরের দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, শীর্ষ পাঁচ আক্রান্ত জেলার মধ্যে রয়েছে কলকাতা ও তার লাগোয়া উত্তর ২৪ পরগনা ও হুগলি। ৩ অক্টোবর পর্যন্ত মুর্শিদাবাদে সর্বাধিক ১,৭২৮ জন ডেঙ্গি আক্রান্তের খবর মিলেছে।উত্তর ২৪ পরগনায় আক্রান্ত ১,৬৭৬ জন, হুগলিতে ৯১৭, কলকাতায় ৭৬৩ এবং মালদহে ৭৩০ জন। এর পরে রয়েছে হাওড়া, দক্ষিণ ২৪ পরগনা , নদীয়া , পূর্ব বর্ধমান ও বাঁকুড়া।পুজোর পরও রাজ্যের একাধিক জেলায় বৃষ্টি চলায় সংক্রমণের

আশঙ্কা আরও বাড়ছে। জাঁকিয়ে শীত না পরা পর্যন্ত এই প্রকোপ অব্যাহত থাকবে বলে স্বাস্থ্য বিশেষজ্ঞরা মনে করছেন।

***************************

নদীয়ার কৃষ্ণনগরের কেন্দ্রীয় বিদ্যালয়ে ‘বিকশিত ভারতের অংশ হিসেবে অনুষ্ঠিত হল- বিল্ডাথন। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা আত্মনির্ভর ভারত, ভোকাল ফর লোকাল, স্বদেশী ভারত ও সমৃদ্ধ ভারত-এর থিমগুলির ওপর প্রোজেক্ট তৈরী করে। আজকের বিল্ডাথন-এ বিজ্ঞান সম্বন্ধে দেশব্যাপী এক অনলাইন আলোচনা চক্রের আয়োজন করা হয়। বিল্ডাথনের মূল উদ্দেশ্য হল- ছাত্র-ছাত্রীদের প্রযুক্তিগত উদ্ভাবনকে উৎসাহিত করা।

***************************